# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট**

## ১২.১ পরিচিতিঃ

বাংলাদেশ সম্প্রচার সার্ভিস তথা ইলেকট্রনিক গণমাধ্যমে নিয়োজিত কলা-কুশলীদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পেশাগত মান উন্নয়নের জন্য ইউ এন ডি পি, আই টি ইউ, ইউনেস্কোর সহায়তায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৮০ সালে ধানমন্ডির ভাড়া বাড়িতে জাতীয় সম্প্রচার একাডেমী প্রতিষ্ঠা করে। পরবর্তীতে এনাম কমিটির সুপারিশক্রমে এ কার্যক্রম আরও বৃদ্ধি করে প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট করা হয়। ১৯৯৬ সালে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ভবন নির্মাণ প্রকল্পের মাধ্যমে ১২৫/এ, দারুস সালাম, মিরপুর রোড, ঢাকায় এ ইনস্টিটিউটের নিজস্ব ভবন নির্মাণ করা হয়। ২০০১ সালে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সম্প্রসারণ প্রকল্পের আওতায় পূর্ব প্রকল্পের অনেক অনিষ্পন্ন কাজ সম্পন্ন করা হয়। বেতার, টেলিভিশন ও ইলেকট্রনিক গণমাধ্যমকে প্রশিক্ষণ ও গবেষণা উপযোগী করার লক্ষ্যে বেতার ও টিভি স্টুডিও, নিয়ন্ত্রণ কক্ষ, সম্পাদনা কক্ষ, শ্রেণী কক্ষ, ব্যবহারিক শ্রেণীকক্ষ এবং প্রশিক্ষণার্থীদের আবাসনের ব্যবস্থাসহ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।

**কার্যক্রমঃ**

- বিসিএস (তথ্য) ক্যাডারের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, তথ্য অধিদফতর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভস, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডসহ তথ্য মন্ত্রণালয়াধীন বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা, প্রযোজক, কলাকুশলীদের পেশাগত উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পর্যায়ের ও স্তরের প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- বেসরকারী টেলিভিশন চ্যানেল, সংবাদ সংস্থা ও গণমাধ্যমসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারী, প্রযোজক, কলা কুশলী ও নির্বাহীদের জন্য পেশাগত বিভিন্ন প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান ও প্রকৌশল বিভাগের কলা-কুশলীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সম্প্রচার সার্ভিসের উন্নয়ন।
- চলচ্চিত্র শিল্পের জন্য প্রশিক্ষণ প্রদান, সেমিনার ও কর্মশিবিরের আয়োজন।
- জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে ইলেকট্রনিক ও চলচ্চিত্র মাধ্যম সংক্রান্ত গবেষণা পরিচালন, উপাত্ত সংগ্রহ, তথ্য প্রকাশ।

- বাংলাদেশের ইলেকট্রনিক ও চলচ্চিত্র মাধ্যম উন্নয়নের জন্য প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ। এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিভিন্ন দেশের ইলেকট্রনিক গণমাধ্যমে নিয়োজিত কলাকুশলীদের প্রশিক্ষণ প্রদান।

১০৯

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য মন্ত্রণালয়**
**জাতীয় গণমাধ্যম ও ফিল্ম ইনস্টিটিউট এর**
**প্রস্তাবিত প্রাতিষ্ঠানিক কাঠামো, ঢাকা**

**কার্যাবলী :**

K) পেশায় নিয়োজিত অনুষ্ঠান, প্রকৌশল ও সংবাদ বিভাগের কুশলীদের প্রশিক্ষণের মাধ্যমে বেতার ও টেলিভিশন সার্ভিসের মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ;
খ) চলচ্চিত্র শিল্পের জন্য প্রশিক্ষণ প্রদান, সেমিনার ও কর্মশিবিরের আয়োজন;
গ) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে ইলেকট্রনিক ও চলচ্চিত্র মাধ্যম সংক্রান্ত গবেষণা, পরিচালন উপাত্ত সংগ্রহ ও এতদসংক্রান্ত তথ্য প্রকাশ;
ঘ) বেতার টেলিভিশন ও চলচ্চিত্র বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উপদেশ ও পরামর্শ দান;
ঙ) উন্নয়ন সম্প্রচার ও যোগাযোগের ক্ষেত্রে সম্পৃক্ত বিষয়ে সেমিনার,কর্মশিবির ও প্রেষণা কর্মসূচি ( Motivational program) গ্রহণ·

**মহাপরিচালক** -১১৪

জনশক্তি-৩
১ × মহাপরিচালক
১ × সাঁটলিপিকার

অতিরিক্ত মহাপরিচালক -১১১

জনশক্তি-৩
১ × অতিরিক্ত মহাপরিচালক

পরিচালক (প্রশিক্ষণ-অনুষ্ঠান) -১৬

জনশক্তি-৩
১ × পরিচালক
১ × সাঁটলিপিকার

- উপ-পরিচালক (টিভি অনুষ্ঠান) — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- উপ-পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিঃ) — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- ১ × অফিস সহকারী কাম মুদ্রক্ষরিক
- উপ-পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন) — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- উপ-পরিচালক — জনশক্তি-৩: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী পরিচালক, ১ × সহকারী
- ১ × অফিস সহকারী কাম মদক্ষরিক

পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) -১৫

জনশক্তি-৩
১ × পরিচালক
১ × সাঁটলিপিকার

- উপ-পরিচালক (টিভি প্রকৌশল — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- উপ-পরিচালক (বেতার প্রকৌশল — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- ১ × অফিস সহকারী কাম মুদ্রক্ষরিক
- উপ-পরিচালক (কম্পিউটার প্রশিঃ) — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- উপ-পরিচালক (ক্যামেরা ও আলোকসম্পাত) — জনশক্তি-২: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী
- ১ × অফিস সহকারী কাম মুদ্রক্ষরিক

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) -৭৭

জনশক্তি-৩
১ × পরিচালক
১ × সাঁটলিপিকার

- উপ-পরিচালক (গবেষণা): ১ × উপ-পরিচালক, ১ × গবেষণা কর্মকর্তা (টিভি/বেতার/ চলচ্চিত্র ও গণযোগাযোগ), ১ × গ্রন্থগারিক, ১ × কম্পিউটার অপারেটর, ১ × সহকারী গ্রন্থগারিক
- লক্ষণ-প্রকৌশলী — জনশক্তি-১১: ১ × রক্ষণ প্রকৌশলী, ১ × সহকারী রক্ষণ প্রকৌশলী, ২ × চিত্র গ্রাহক(ইলেঃ/চলচ্চিত্র), ১ × স্টোর অফিসার, ৩ × উপ-সহকারী প্রকৌঃ (টিভি), ২ × উপ-সহকারী প্রকৌঃ (বেতার), ১ × উপ-সহকারী প্রকৌঃ (শীতঃ), ১ × সিনিয়র মেকানিক, ২ × মেকানিক
- উপ-পরিচালক (প্রশাসন) — জনশক্তি-৩৫: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী পরিচালক, ১ × গণসংযোগ কর্মকর্তা, ১ × হোস্টেল তত্ত্বাবধায়ক, ১ × প্রধান সহকারী, ১ × ট্রান্সপোর্ট সুপারভাইজার, ১ × উচ্চমান সহকারী, ২ × অফিস সহকারী কাম মুদ্রক্ষরিক, ১ × টেলিফোন অপারেটর, ৯ × গাড়ীচালক, ১ × ডেসপাস রাইডার
- উপ-পরিচালক (অর্থ) — জনশক্তি-১০: ১ × উপ-পরিচালক, ১ × সহকারী পরিচালক, ১ × হিসাব রক্ষক, ২ × সহকারী হিসাব রক্ষক, ১ × ক্যাশিয়ার, ২ × অফিস সহকারী

**জনবলের সার সংক্ষেপ:**

| সংখ্যা ক্রম | পদের নাম | পূর্ব অনুমোদিত পদ সংখ্যা | গমাপ্ত উন্নয়ন প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদ ংখ্যা | অনুমোদিত সংশোধিত পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| | ১ম শ্রেনী | | | |
| ০১ | মহাপরিচালক | ১ | | ১ |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক | ১ | | ১ |
| ০৩ | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান/প্রশিক্ষণ-প্রকৌশল/প্রশাসন ও উন্নয়ন) | ৩ | | ৩ |
| ০৪ | উপ-পরিচালক(টিভি প্রকৌশল/বেতার /প্রকৌশল/কম্পিউটার/ক্যামেরা ও আলোক সম্পাত/টিভি | ১১ | | ১১ |

অনুমোদিত যানবাহন ও গুওুত্বপূর্ণ যন্ত্র সামগ্রী
১।যানবাহন
(ক) ৪ × মটর কার ০১টি মহাপরিচালকের জন্য
০১টি অতিরিক্ত মহাপরিচালকের জন্য
০১টি প্রশিক্ষণ ও গবেষনা কাজের জন্য
০১ টি প্রশাসন, হিসাব ও ওক্ষণাবেক্ষণ কাজের জন্য
(খ) ২ × মাইক্রোবাস মাঠ প্রশিক্ষণের জন্য
(M) ৩ × টেশনিক্যাল ভ্যান মাঠ প্রশিক্ষণের জন্য

## ১২.৩ কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬

এস, আর, ও নং ১৮৫-আইন/৯৬-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ**

এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাঃ**

বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়-

(K) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(L) ''ডিগ্রী'' বা ''ডিপ্লোমা'' বা ''সার্টিফিকেট'' অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(M) ''তফসিল'' অর্থ এই বিধিমালার তফসিল;

(N) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার এবং কোন পদে অথবা পদশ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(O) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(P) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ তফসিলে বর্ণিত কোন পদের ন্যূনতম যোগ্যতা;

(Q) ''ফিডার পদ'' অর্থ কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে যে নিম্নতর পদ বা পদসমূহ হইতে পদোন্নতি দেওয়া হইবে সেই পদ বা পদসমূহ;

(R) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(S) ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়'', ''স্বীকৃত বোর্ড'', ''স্বীকৃত ইনস্টিটিউট'' বা ''স্বীকৃত প্রতিষ্ঠান'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা ক্ষেত্রমত, শিক্ষাবোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি, ইত্যাদি ঃ**

(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ (৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথাঃ

(K) সরাসরি নিয়োগের মাধ্যমে ;
(L) পদোন্নতির মাধ্যমে; এবং
(M) প্রেষণে নিয়োগের মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রকল্পে নিয়োগের সময় প্রকল্পের নিয়োগবিধি অনুযায়ী অথবা সরাসরি নিয়োগের জন্য তৎসময়ে প্রচলিত সরকারী বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পে যে সকল নিয়োগ দেওয়া হইয়াছে; সেই সকল নিয়োগ এই বিধিমালার আওতায় নিয়মিতকরণের ক্ষেত্রে বয়ঃসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য হইবে।

৪। **সরাসরি নিয়োগঃ**

(১) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভুত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(K) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের 'ডমিসাইল' না হন; অথবা
(L) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(K) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(L) এরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না যদি তিনি-

(K) উক্ত পদের জন্য কমিশন বা ক্ষেত্রমত, উপবিধি (১) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি (যদি থাকে) সহ নির্ধারিত ফরমে ও তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(L) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ**

(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, নিম্নতর শ্রেণীর কোন পদ হইতে উচ্চতর শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসিঃ**

(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে নিম্নবর্ণিত মেয়াদের জন্য নিয়োগ করা হইবে, যথাঃ—

(K) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(L) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য;

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন/পদাবনত করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(K) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসিরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তবে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(L) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই তবে-

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন/পদাবনত করাইবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না তিনি সরকারী আদেশবলে যে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই সেই পরীক্ষায় উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল**

**বিধি-২ (গ) দ্রষ্টব্য**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | মহাপরিচালক | -- | অতিরিক্ত মহাপরিচালক হইতে পদোন্নতির মাধ্যমে, এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে তিন বৎসরের চাকুরী। |
| ২. | অতিরিক্ত মহাপরিচালক | -- | পরিচালক (প্রশিক্ষণ-অনুষ্ঠান), পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) এবং পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশন | ফিডার পদে তিন বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | |
| ৩. | পরিচালক (প্রশিক্ষণ-অনুষ্ঠান) | -- | উপ-পরিচালক (টিভি অনুষ্ঠান প্রশিক্ষণ), উপ-পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ), উপ-পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) এবং উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে দশ বৎসরের চাকুরী। |
| ৪. | পরিচালক (প্রশিক্ষণ-প্রকৌশল) | -- | উপ-পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ), উপ-পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ), উপ-পরিচালক (কম্পিউটার প্রশিক্ষণ) এবং উপ-পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ)গণের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে দশ বৎসরের চাকুরী। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫. | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | -- | উপ-পরিচালক (প্রশাসন), উপ-পরিচালক (অর্থ), উপ-পরিচালক (গবেষণা) ও রক্ষণ প্রকৌশলীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে দশ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | উপ-পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ৭. | উপ-পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ৮. | উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) ও সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ৯. | উপ-পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০. | উপ-পরিচালক (বেতার-প্রকৌশল প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ১১. | উপ-পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ১২. | উপ-পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ টেলিভিশনের কোন ঊর্ধ্বতন চিত্রগ্রাহক (ইলেকট্রনিক্স বা চলচ্চিত্র) কে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ১৩. | উপ-পরিচালক (কম্পিউটার প্রশিক্ষণ) | -- | সহকারী পরিচালক (কম্পিউটার প্রশিক্ষণ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | |
| ১৪. | উপ-পরিচালক (গবেষণা) | -- | গবেষণা কর্মকর্তা (টিভি, বেতার, চলচ্চিত্র ও গণযোগাযোগ), গ্রন্থাগারিক ও কম্পিউটার প্রোগ্রামারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |

১১০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫. | রক্ষণ প্রকৌশলী | -- | সহকারী রক্ষণ প্রকৌশলী হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ১৬. | উপ-পরিচালক (প্রশাসন) | -- | সহকারী পরিচালক (প্রশাসন) হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ১৭. | উপ-পরিচালক (অর্থ) | -- | সহকারী পরিচালক (অর্থ) হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ টেলিভিশনের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ), সহকারী পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) এবং সহকারী পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলা বা ইংরেজী বা ইতিহাস বা সংস্কৃতি বা সমাজ বিজ্ঞান বা রাষ্ট্র বিজ্ঞান বা লোক প্রশাসন বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। শিল্প সাহিত্য, নাট্যকলা, সংগীত বা চলচ্চিত্রায়ন কর্মে পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯. | সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলা বা ইংরেজী বা গণযোগাযোগ ও সাংবাদিকতা বা ইতিহাস বা সংস্কৃতি বা সমাজ বিজ্ঞান বা রাষ্ট্র বিজ্ঞান বা লোক প্রশাসন বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। শিল্প সাহিত্য, নাট্যকলা, সংগীত বা চলচ্চিত্রায়ন কর্মে পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০. | সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | চারু ও কারুকলা বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। দৃশ্য পরিকল্পনা ও শিল্প নির্দেশনা কর্মে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২১. | সহকারী পরিচালক (বেতার প্রকৌশল | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | তড়িৎ-ইলেকট্রনিক্স বা কম্পিউটার প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা পদার্থ বিজ্ঞান |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রশিক্ষণ), সহকারী পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ) এবং সহকারী পরিচালক (কম্পিউটার প্রশিক্ষণ) | | | (ইলেকট্রনিক্স) বা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২২. | সহকারী পরিচালক<br>(ক্যামেরা ও<br>আলোক সম্পাত প্রশিক্ষণ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | পদার্থ বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ক্যামেরা পরিচালনা বিষয়ে ডিপ্লোমা। |
| ২৩. | গবেষণা কর্মকর্তা<br>(বেতার, টেলিভিশন, চলচ্চিত্র ও গণযোগাযোগ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সমাজ বিজ্ঞান বা গণযোগাযোগও সাংবাদিকতা বা পরিসংখ্যানবিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। উপাত্ত বিশ্লেষণে কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪. | গ্রন্থাগারিক | -- | সহকারী গ্রন্থাগারিক হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ২৫. | চিত্রগ্রাহক<br>(চলচ্চিত্র ও ইলেকট্রনিক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | পদার্থ বিজ্ঞান অথবা সমাজ বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী এবং চিত্রগ্রহণে তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা। চলচ্চিত্রায়ন বা ইলেকট্রনিক ক্যামেরায় চিত্রগ্রহণ বিষয়ে বিশেষ প্রশিক্ষণ। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৬. | সহকারী রক্ষণ প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) উপ-সহকারী প্রকৌশলীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;<br>এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে সাত বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ পদার্থ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | বিজ্ঞানে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা তড়িৎ প্রকৌশল-ইলেকট্রনিক প্রকৌশলে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। সম্প্রচার যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৭. | কমপিউটার প্রোগ্রামার | Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৮. | সহকারী পরিচালক (অর্থ) | -- | নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) স্টোর অফিসার; এবং<br>(২) হিসাব রক্ষক | স্টোর অফিসারের ক্ষেত্রে উক্ত পদে ছয় বৎসরের চাকুরী এবং হিসাব রক্ষকের ক্ষেত্রে উক্ত পদে দশ বৎসরের চাকুরী। |
| ২৯. | সহকারী পরিচালক (প্রশাসন) | -- | নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) গণসংযোগ কর্মকর্তা; এবং<br>(২) হোস্টেল তত্ত্বাবধায়ক | ফিডার পদে সাত বৎসরের চাকুরী। |
| ৩০. | সহকারী গ্রন্থাগারিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী অথবা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ৩১. | গণসংযোগ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) প্রধান সহকারী<br>(২) উচ্চমান সহকারী<br>(৩) সাঁটলিপিকার; এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ প্রধান সহকারী পদে পাঁচ বৎসরের চাকুরী অথবা উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার পদে সাত বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২. | স্টোর অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর (সরকারী চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল-যোগ্য) | (ক) ভান্ডার রক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ আট বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ বেতার টেলিভিশনের কারিগরি ভান্ডার রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৩৩. | হোস্টেল তত্ত্বাবধায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর (সরকারী চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল-যোগ্য) | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। প্রশাসনিক কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৪. | উপাত্ত এন্ট্রি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ সাঁটলিপিকার-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) পদোন্নতির ক্ষেত্রে ফিডার পদে পাঁচ বৎসরের চাকুরীসহ কম্পিউটারের মৌলিক বিষয়, ওয়ার্ড প্রসেসিং এবং উপাত্ত এন্ট্রি অপারেশনে প্রশিক্ষণ।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনা এবং উপাত্ত এন্ট্রি অপারেশনে প্রশিক্ষণ। |
| ৩৫. | উপ-সহকারী প্রকৌশলী (বেতার ও টেলিভিশন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | তিন বছুর মেয়াদী ইলেকট্রনিক প্রকৌশলে ডিপ্লোমা। |
| ৩৬. | উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | তিন বছুর মেয়াদী ইলেকট্রিক্যাল বা পাওয়ার বা এয়ারকন্ডিশন ও রেফ্রিজারেশন প্রকৌশলে ডিপ্লোমা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭. | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) সহকারী হিসাব রক্ষক হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৮. | প্রধান সহকারী | -- | নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) উচ্চমান সহকারী এবং<br>(২) ট্রান্সপোর্ট সুপারভাইজার। | ফিডার পদে পাঁচ বৎসরের চাকুরী। |
| ৩৯. | সহকারী হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাব রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪০. | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে পাঁচ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ স্নাতক ডিগ্রী। |
| ৪১. | সাঁটলিপিকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ৪২. | ট্রান্সপোর্ট সুপারভাইজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্নাতক ডিগ্রী। যানবাহন রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৪৩. | সিনিয়র মেকানিক | -- | মেকানিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে পাঁচ বৎসরের চাকুরী। |
| ৪৪. | ভান্ডার রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বিজ্ঞান বা বাণিজ্য বা কলা বিভাগে স্নাতক ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৫. | মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ বিদ্যুৎ মিস্ত্রী হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে পাঁচ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ এক বছর মেয়াদী রেডিও বা টিভি ট্রেডকোর্স সার্টিফিকেট। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৬. | কাঠ মিস্ত্রী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ বৃত্তিমূলক শিক্ষার সার্টিফিকেট অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে তিন বৎসরের অভিজ্ঞতা এবং শারীরিক যোগ্যতা। |
| ৪৭. | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক | LD-Cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪৮. | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ক্যাশ সরকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে পাঁচ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। |
| ৪৯. | বিদ্যুৎ মিস্ত্রী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ তিন মাস মেয়াদী ট্রেডকোর্স (বৈদ্যুতিক) সার্টিফিকেট; অথবা অষ্টম শ্রেণী পাসসহ ছয় মাস মেয়াদী ট্রেড কোর্স (বৈদ্যুতিক) সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫০. | টেলিফোন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। সংশ্লিষ্ট বিষয়ে তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫১. | গাড়ীচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ ভারী মটরযান চালনার লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে চার বৎসরের অভিজ্ঞতা। মটর গাড়ীর যান্ত্রিক বিষয়ে বাস্তব জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | হইবে। |
| ৫২. | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস। সরকার কর্তৃক নির্ধারিত জামানত দিতে হইবে। |
| ৫৩. | ডেসপাচ রাইডার | L. D. Cum–Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS ( Ministries, Divisions And Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫৪. | অনুলিপি যন্ত্রচালক | ঐ | | |
| ৫৫. | এম, এল, এস, এস | ঐ | | |
| ৫৬. | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ সুস্বাস্থ্য। আনসার বা ভিডিপি ট্রেনিংপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫৭. | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ বাগান রক্ষণাবেক্ষণে বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৮. | হোস্টেল বেয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস। |
| ৫৯. | ঝাড়ুদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। পেশাদার শ্রেণীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

**[জারীঃ এসআরও নং ১৮৫-আইন/৯৬, তারিখ : ১৫-১০-১৯৯৬]**